



২৮ ফেব্রুয়ারী, ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

বিশেষ বিধান বলবত রেখে ‘বাল্যবিবাহ নিরোধ আইন-২০১৬’ জাতীয় সংসদে পাস হওয়ায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট গভীর উদ্বেগ প্রকাশ করছে।

গত ২৭ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ জাতীয় সংসদে পাস হওয়া ‘বাল্যবিবাহ নিরোধ আইন-২০১৬’ এ ১৮ বছরের নিচে অপ্ৰাপ্তবয়স্ক মেয়ের সর্বোত্তম স্বার্থে আদালতের নির্দেশে এবং মা-বাবার সম্মতিতে বিয়ে দেওয়ার বিশেষ বিধান রেখে আইনটি পাস হওয়ায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ প্রকাশ করছে।

প্রকাশিত সংবাদ সূত্রে জানা যায়, ২৭ ফেব্রুয়ারী, ২০১৭ ‘বাল্য বিবাহ নিরোধ আইন - ২০১৬’ জাতীয় সংসদে পাস হয়েছে। নতুন আইনের অধিনে বিয়ের ক্ষেত্রে ছেলেরা ২১ বছর এবং মেয়েদের ১৮ বছর পূর্ণ হয়নি তাদের অপ্ৰাপ্ত বয়স্ক বলে গন্য হবে। এই আইনে বিয়ের জন্য নির্ধারিত বয়স ঠিক থাকলেও, বিশেষ ক্ষেত্রে যেকোন অপ্ৰাপ্তবয়স্ক মেয়ের সর্বোত্তম স্বার্থে আদালতের নির্দেশে এবং মা-বাবার সম্মতিতে বিয়ে হতে পারবে এরূপ বিধান রাখা হয়েছে। ‘বিশেষ বিধান’ বলবত রেখে ১৮ বছরের নিচে মেয়েদের বিয়ে দেওয়া যাবে মর্মে যে আইন জাতীয় সংসদে পাস হয়েছে তা শিশু আইন, ২০১৩ এবং নারী শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধিত ২০০৩) ও আন্তর্জাতিক সনদের সাথে সাংঘর্ষিক। আমরা গভীর উদ্বেগ ও আশংকা করছি যে, অনেক ক্ষেত্রেই এর মাধ্যমে নারীর স্বাস্থ্য, অধিকার ও সম্মতিকে উপেক্ষা করা হবে যা নারীর পূর্ণ বিকাশ ও অগ্রগতিকে বাধা প্রদান করবে।

ব্লাস্ট অবিলম্বে এই আইনের উল্লেখিত বিধানের সংশোধন করে সকল ক্ষেত্রেই মেয়েদের বিয়ের সর্বনিম্ন বয়স ১৮ বছর করার জন্য জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরকঃ

মাহবুবা আজার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট।

মোবাইল নং -০১৭৭৬০৬০১৩৩

ইমেইল- mahbuba@blast.org.bd